

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

জাতীয় রাজস্ব বোর্ড

www nbr.gov.bd**বিজ্ঞপ্তি****বিষয় : সেরা রিপোর্টার (ইলেক্ট্রনিক, প্রিন্ট ও অনলাইন মিডিয়া) সম্মাননা প্রদান।**

রাষ্ট্রের সর্বক্ষেত্রে একটি রাজস্ব-বান্ধব সংস্কৃতি প্রতিষ্ঠার চলমান প্রয়াসের ধারাবাহিকতায় জাতীয় রাজস্ব বোর্ড সকল অংশীজনের সাথে অংশীদারিত্বমূলক সম্পর্ক উত্তরোভের শক্তিশালী ও সম্মুখ করছে। গণমাধ্যম এনবিআরের গুরুত্বপূর্ণ অংশীজন। সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড জনাব মোঃ নজিবুর রহমান এর প্রত্যক্ষ নির্দেশনায় গৃহীত বিভিন্ন উত্তাবনী ও অংশীদারিত্বমূলক পদক্ষেপের ফলে এনবিআর ও গণমাধ্যমের সম্পর্ক প্রতিনিয়ত অনন্য উচ্চতায় পৌঁছাচ্ছে।

‘সুশাসন ও আধুনিক ব্যবস্থাপনা কাঠামো’ (Good Governance & Modern Management Framework-GG&MM) অনুসরণ করে রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জনে করদাতা-বান্ধব পরিবেশ তৈরীর লক্ষ্যে এনবিআর বহুমাত্রিক উত্তাবনী কর্মসূচী ও উদ্যোগ গ্রহণ করেছে। ইলেক্ট্রনিক, প্রিন্ট ও অনলাইন মিডিয়া দেশের রাজস্ব আহরণে গুরুত্বপূর্ণ নিয়ামক হিসেবে কাজ করছে। জাতীয় রাজস্ব বোর্ড তাদের অবদান অত্যন্ত সম্মানের সাথে স্মরণ করে। মিডিয়ার সাথে ধারাবাহিক অংশীদারিত্ব আরো সুদৃঢ় ও কার্যকর করার লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড কাজ করছে।

বক্তৃতিতে ও তথ্যবহুল সংবাদ পরিবেশনের মাধ্যমে দেশের যে সকল ‘কলম সৈনিক’ শক্তিশালী লেখনীর মাধ্যমে অভ্যন্তরীণ সম্পদ আহরণে বিশেষ অবদান রাখছেন, তাঁদের অবদানের স্বীকৃতি হিসেবে প্রথমবারের মতো জাতীয় রাজস্ব বোর্ড নিম্নলিখিত ৪(চার)টি ক্যাটাগরিতে ৩ (তিনি) জন করে মোট ১২ জন রিপোর্টারকে পুরস্কার প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে :

ক্যাটাগরি	সংখ্যা
ক. সেরা রিপোর্টার (ইলেক্ট্রনিক মিডিয়া)	: ৩ (তিনি) জন
খ. সেরা রিপোর্টার (প্রিন্ট মিডিয়া)	: ৩ (তিনি) জন
গ. সেরা রিপোর্টার (অনলাইন মিডিয়া)	: ৩ (তিনি) জন
ঘ. সেরা রিপোর্টার (মহিলা)	: ৩ (তিনি) জন

বিচারিক প্রক্রিয়া

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, তথ্য মন্ত্রণালয়, বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, এনবিআর ও মিডিয়া ব্যক্তিত্ব/প্রতিনিধিদের সমন্বয়ে নিরপেক্ষ ও শক্তিশালী বিচারক প্যানেল বিচারিক কার্যক্রমে অংশ নেবেন।

রিপোর্ট জমাকরণ

সঠিক সিদ্ধান্ত গ্রহণ ও বিচারিক পর্যালোচনার স্বার্থে সকল ইলেক্ট্রনিক, প্রিন্ট ও অনলাইন মিডিয়াকে তাঁদের ‘এনবিআর বিট’ এর সংশ্লিষ্ট রিপোর্টারের নামসহ রিপোর্টের ভিডিও ক্লিপ, রিপোর্ট ও প্রাসঙ্গিক উপকরণ আগামি ৩০ এপ্রিল ২০১৭ খ্রিঃ তারিখ রবিবারের মধ্যে প্রচার কমিটির সদস্য জনাব সৈয়দ এ মু’মেন, সিনিয়র তথ্য কর্মকর্তা (কক্ষ নং ২০৯, দ্বিতীয় তলা, জাতীয় রাজস্ব বোর্ড) এর দণ্ডে জমা নিশ্চিত করার জন্যে বিশেষভাবে অনুরোধ করা হলো।

প্রচার কমিটি**জাতীয় রাজস্ব বোর্ড**